

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৫

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - গোসলের বিবরণ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يتَوَضَّأَ بعد الْغسل. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ

#### বাংলা

88৫-[১৬] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম গোসলের পর (সালাত (সালাত/নামায/নামাজ) বা অন্যান্য 'ইবাদাতের জন্য নতুন করে) উযূ (ওযু/ওজু/অজু) করতেন না। (তিরমিযী, আবূ দাউদ, নাসায়ী ও ইবনু মাজাহ্)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৫০, তিরমিয়ী ১০৭, নাসায়ী ২৫২, ইবনু মাজাহ্ ৫৭৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: قوله (لَا يَتَوَضَّأُ بَعْدَ الْغُسْلِ) গোসল করার পর উয়্ (ওয়ু/ওজু/অজু) করতে হবে না। উয়্ (ওয়ু/ওজু/অজু) না করেই সালাত (সালাত/নামায/নামাজ) সম্পাদন করা যাবে। গোসলের পূর্বে যে উয়্ করা হয়েছে ঐ উয়্ সালাতের জন্য যথেষ্ট হবে। নতুন উযূর প্রয়োজন হবে না যদি উয়্ নষ্ট হওয়ার কারণ না পাওয়া যায়।

রসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম-এর অভ্যাস ছিল ফর্য গোসলের পূর্বে উযূ করতেন। যা পূর্বে বর্ণনা হয়েছে।

উযূর সকল অঙ্গ-প্রত্যঙ্গে পানি পৌঁছানোর কারণে নাপাকি গোসল করার পর উয়ু করা অত্যাবশ্যক হয় না। এ প্রসঙ্গে আলিমদের মতভেদ নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন